**পশ্চিমবঙ্গ সরকার**
**শিশু বিকাশ প্রকল্প আধিকারিকের করণ**
**বংশীহারী সুসংহত শিশু বিকাশ সেবা প্রকল্প**
**বুনিয়াদপুর, দক্ষিণ দিনাজপুর**

**স্মারকসংখ্যাঃ ১৯/আইসিডিএস (বিএএনএস)** **তারিখঃ ১৫/০১/২০২৪**

**বিজ্ঞপ্তি (NOTICE)**

এতদ্বারা জানানো যাচ্ছে যে **বংশীহারী** সুসংহত শিশু বিকাশ সেবা প্রকল্পে **অঙ্গনওয়াড়ি সহায়িকা পদে** নিযুক্তির জন্য কেবল মাত্র **বংশীহারী** সুসংহত শিশু বিকাশ সেবা প্রকল্প এলাকার অর্থাৎ **বংশীহারী** পঞ্চায়েত সমিতির অন্তর্ভুক্ত নিম্নলিখিত গ্রাম পঞ্চায়েতসমূহের স্থায়ী বাসিন্দা (কেবলমাত্র মহিলা) এমন প্রার্থী তথা আবেদনকারিণীদের নিকট হতে নিম্নলিখিত শর্তে আবেদন পত্র আহ্বান করা হচ্ছে । এই নিয়োগ সম্পূর্ণরূপে স্বেচ্ছাসেবামূলক। এই কাজে নিযুক্ত ব্যক্তি কোন মতেই সরকারী কর্মী হিসেবে গণ্য হবেন না। অঙ্গনওয়াড়ি সহায়িকাদের সরকার অনুমোদিত হারে প্রতি মাসে সাম্মানিক ভাতা সহ অতিরিক্ত ভাতা প্রদান করা হবে। বর্তমানে অঙ্গনওয়াড়ি সহায়িকাদের চালু সাম্মানিক ভাতার পরিমাণ মাসিক ২২৫০/- টাকা ও অতিরিক্ত ভাতার পরিমান মাসিক ৪০৫০/- টাকা।

**সরাসরি নিয়োগের মাধ্যমে শূণ্য পদ অনুযায়ী সংরক্ষণ বিন্যাস:**

| গ্রাম পঞ্চায়েত | মোট শূন্য পদ | অসংরক্ষিত (UR) | অসংরক্ষিত (ইসি) (UR EC) | অর্থনৈতিক ভাবে দুর্বল শ্রেণী (EWS) | তপশিলী জাতি (SC) | অন্যান্য অনগ্রসর শ্রেণী A (OBC-A) | অন্যান্য অনগ্রসর শ্রেণী A (ইসি) (OBC- A EC) | অন্যান্য অনগ্রসর শ্রেণী B (OBC-B) | অন্যান্য অনগ্রসর শ্রেণী B (ইসি) (OBC-B EC) |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ব্রজবল্লভপুর | ০৫ | ০১ | নাই | নাই | ০২ | নাই | ০১ | ০১ | নাই |
| এলাহাবাদ | ০৬ | নাই | ০১ | ০১ | নাই | ০২ | ০১ | নাই | ০১ |
| গাঙ্গুরিয়া | ০২ | নাই | ০১ | নাই | নাই | ০১ | নাই | নাই | নাই |

**বিঃ দ্রঃ**
**(১) পশ্চিমবঙ্গের বাইরে থেকে জারি হওয়া তপশিলী জাতি/ তপশিলী উপজাতি/ অন্যান্য অনগ্রসর শ্রেণী ক্যাটেগরি A/ অন্যান্য অনগ্রসর শ্রেণী ক্যাটেগরি B/ এক্সেম্পটেড (অব্যাহতিপ্রাপ্ত) শ্রেণী (ক্যাটেগরি)/ শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের শংসাপত্র এক্ষেত্রে গ্রাহ্য হবে না।**
**(২)** তপশিলী জাতি/তপশিলী উপজাতি/ অন্যান্য অনগ্রসর শ্রেণী ক্যাটেগরি A/ অন্যান্য অনগ্রসর শ্রেণী ক্যাটেগরি B- সংশ্লিষ্ট প্রার্থীর কোলকাতা ব্যতীত বাকি পশ্চিমবঙ্গের ক্ষেত্রে মহকুমাশাসক কর্তৃক জারি হওয়া শংসাপত্রই একমাত্র গ্রাহ্য হবে। এক্ষেত্রে অন্য কোনপ্রকার শংসাপত্র গ্রাহ্য করা হবে না। কোলকাতা থেকে জারি হওয়া শংসাপত্রের ক্ষেত্রে জেলাশাসক, দক্ষিণ ২৪-পরগনা বা দায়িত্বপ্রাপ্ত অতিরিক্ত জেলাশাসক, দক্ষিণ ২৪-পরগনা বা জেলা কল্যাণ আধিকারিক, কোলকাতা (District Welfare Officer, Kolkata) ব্যতীত অন্য কোনপ্রকারে জারি হওয়া শংসাপত্র গ্রাহ্য করা হবে না।
**(৩)** প্রতিবন্ধী শংসাপত্র- সংশ্লিষ্ট প্রার্থীকে পশ্চিমবঙ্গের কোন সরকারী মেডিক্যাল কলেজের মেডিক্যাল বোর্ড বা পশ্চিমবঙ্গের কোন জেলা হাসপাতালের বা পশ্চিমবঙ্গের কোন মহকুমা হাসপাতালের মেডিক্যাল বোর্ডের দ্বারা প্রদত্ত শংসাপত্র জমা করতে হবে। এক্ষেত্রে **West Bengal Persons with Disabilities (Equal Opportunities, Protection of Rights and Full Participation) Rules, 1999 প্রযোজ্য হবে।** প্রার্থী যেদিন আবেদন করছেন, সেইদিন বা তার আগে জারি হওয়া (Issued) শংসাপত্রই শুধুমাত্র গ্রাহ্য হবে। উক্ত তারিখের পরে কোন শংসাপত্র জারি হলে, তা অগ্রাহ্য করা হবে। শংসাপত্রের জন্য আবেদন

Child Dev. Project Officer
Banshihari I.C.D.S. Project
Dakshin Dinajpur

জমা দেওয়ার রসিদ গ্রাহ্য করা হবে না। মৌখিক পরীক্ষার পূর্বে সংরক্ষণ সংক্রান্ত উপযুক্ত নথি জমা না করা হলে ঐ প্রার্থীকে অসংরক্ষিত পদের জন্য বিবেচনা করা হবে (অন্যান্য যোগ্যতামান সঠিক থাকলে)।

**(৪)** এক্সেম্পটেড (অব্যাহতিপ্রাপ্ত) শ্রেণীর (Exempted Category) প্রার্থীর কাছে উপযুক্ত শ্রম দপ্তর/অফিস /এক্সচেঞ্জ কর্তৃকপ্রদত্ত এক্সেম্পটেড (অব্যাহতিপ্রাপ্ত)শ্রেণী/ ক্যাটেগরির শংসাপত্র থাকা আবশ্যক। এক্ষেত্রে Government of West Bengal, Labour Department, Notification No.303-EMP-/1M10/2000 dated 21st August, 2002 মোতাবেক শর্তাবলী/বিধি প্রযোজ্য হবে। প্রার্থী যেদিন আবেদন করছেন, সেইদিন বা তার আগে জারি হওয়া (Issued) শংসাপত্রই শুধুমাত্র গ্রাহ্য হবে। উক্ত তারিখের পরে কোন শংসাপত্র জারি হলে, তা অগ্রাহ্য করা হবে। শংসাপত্রের জন্য আবেদন জমা দেওয়ার রসিদ গ্রাহ্য করা হবে না। মৌখিক পরীক্ষার পূর্বে সংরক্ষণ সংক্রান্ত উপযুক্ত নথি জমা না করা হলে ঐ প্রার্থীকে অসংরক্ষিত পদের জন্য বিবেচনা করা হবে (অন্যান্য যোগ্যতামান সঠিক থাকলে)। এক্সেম্পটেড (অব্যাহতিপ্রাপ্ত) শ্রেণীতে/ ক্যাটেগরিতে নির্বাচিত হলে সেই প্রার্থীর শংসাপত্র Central Employment Exchange, Kolkata থেকে সত্যতা যাচাই করিয়ে আনার পরে প্রার্থীকে নিয়োগ করা হবে।শংসাপত্র অসঙ্গতিপূর্ণ বা ভুয়ো প্রমাণিত হলে তাঁর নির্বাচন বাতিল করা হবে।

(৫) অর্থনৈতিকভাবে দুর্বল (EWS) প্রার্থীদের ক্ষেত্রে সরকারী বিধি অনুযায়ী প্রয়োজনীয় শংসাপত্র জমা করতে হবে।

**আবশ্যিক শর্তাবলী:**

**ক)** প্রার্থীকে অবশ্যই ভারতের নাগরিক এবং মহিলা হতে হবে।

**খ)** <u>ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা</u>: আবেদনের তারিখকে ভিত্তি করে অঙ্গনওয়াড়ি কর্মী পদের ক্ষেত্রে প্রার্থীকে যেকোনো স্বীকৃত বোর্ড (Recognized Board) থেকে উচ্চমাধ্যমিক বা সমতুল্য পরীক্ষা পাশ হতে হবে (সাধারণ, তপশিলী জাতি, তপশিলী উপজাতি ও অন্যান্য অনগ্রসর শ্রেণী (A/B), প্রতিবন্ধী, এক্সেম্পটেড ক্যাটেগরি ইত্যাদি সকলের ক্ষেত্রেই প্রযোজ্য)। উচ্চতর শিক্ষাগত যোগ্যতা প্রার্থীপদের ক্ষেত্রে কোন অন্তরায় হবে না।

**গ) <u>বয়স</u>: ০১/০১/২০২৪** তারিখে প্রার্থীকে ন্যূনতম ১৮ বছর বয়সের হতে হবে। তিনি উক্ত ০১/০১/২০২৪ তারিখে কোনমতেই ৩৫ বছরের বেশি বয়সের হতে পারবেন না। **অর্থাৎ সকল প্রার্থীর জন্ম তারিখ ০২/০১/১৯৮৯ বা তার পরে এবং ০১/০১/২০০৬ বা তার আগে হতে হবে।** এই শর্তাবলী সকল শ্রেণীর প্রার্থীদের যথা- সাধারণ, তপশিলী জাতি, তপশিলী উপজাতি ও অন্যান্য অনগ্রসর শ্রেণী (A & B), এক্সেম্পটেড শ্রেণী, প্রতিবন্ধী- সবক্ষেত্রেই প্রযোজ্য হবে।মাধ্যমিক বা স্বীকৃত সমতুল্য পরীক্ষার রেজিস্ট্রেশন বা অ্যাডমিট কার্ড বা স্বীকৃত বোর্ড কর্তৃক প্রদত্ত দশম শ্রেণী পাশ শংসাপত্রে লিখিত বয়সই এক্ষেত্রে সঠিক বয়সের প্রমাণ হিসেবে বিবেচিত হবে। অন্য কোনরূপ প্রমাণ এক্ষেত্রে গ্রাহ্য হবে না।

ঘ) **<u>স্থায়ী বাসস্থান সংক্রান্ত শর্ত</u>: প্রার্থী যে গ্রাম পঞ্চায়েতে অঙ্গনওয়াড়ি সহায়িকা পদের জন্য আবেদন করবেন, তাঁকে অবশ্যই সেই গ্রাম পঞ্চায়েতের স্থায়ী বাসিন্দা হতে হবে।** স্থায়ী বাসস্থান সংক্রান্ত প্রমাণপত্র হিসাবে প্রার্থীর ভোটার কার্ড (EPIC) বিবেচনা করা হবে।যদি কোনো প্রার্থীর ভোটার কার্ড (EPIC) না থাকে, তাহলে সেই প্রার্থীর স্থায়ী বাসিন্দা হওয়ার প্রমাণপত্র হিসাবে প্রার্থীকে দেওয়া সংশ্লিষ্ট লোকসভার সদস্য/ জেলার সভাধিপতি/ সংশ্লিষ্ট এলাকার বিধায়ক/ জেলা শাসক/ অতিরিক্ত জেলা শাসক/ সংশ্লিষ্ট মহকুমা শাসক/ সংশ্লিষ্ট পঞ্চায়েত সমিতির সভাপতি/ সংশ্লিষ্ট সমষ্টি উন্নয়ন আধিকারিক/সংশ্লিষ্ট গ্রাম পঞ্চায়েতের প্রধান/ সংশ্লিষ্ট পৌরসভার চেয়ারম্যান/ সংশ্লিষ্ট পৌরসভার কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সচিত্র শংসাপত্র বিবেচিত হবে। প্রসঙ্গত, যে কোনো সফল নির্বাচিত প্রার্থীকে তার পদে যোগদান করার আগে অবশ্যই তার ভোটার কার্ড (EPIC) পেশ করতে হবে। অন্যথায় তাঁর যোগদান গৃহীত/অনুমোদিত হবে না।

**ঙ) <u>পরীক্ষা</u>:** সকল আবশ্যিক শর্তপূরণের সাপেক্ষে যোগ্য প্রার্থী তথা আবেদনকারিণীদের পরীক্ষার মাধ্যমে নির্বাচিত করা হবে।পরীক্ষার পূর্ণমান ১০০। প্রথমে ৯০ নম্বরের লিখিত পরীক্ষা নেওয়া হবে। লিখিত পরীক্ষা হবে ২ ঘন্টার। লিখিত পরীক্ষায় পাশ করলে মৌখিক পরীক্ষার জন্য প্রবেশাধিকার পাওয়া যাবে।মৌখিক পরীক্ষা ১০ নম্বরের।অনুলিখনের (প্রতিবন্ধীদের জন্য) ক্ষেত্রে লিখিত পরীক্ষায় অতিরিক্ত ৪০ মিনিট সময় বরাদ্দ থাকবে। অর্থাৎ লিখিত পরীক্ষায় অনুলিখনের ক্ষেত্রে মোট সময় ২ (দুই) ঘন্টা ৪০ (চল্লিশ) মিনিট বরাদ্দ থাকবে।

**লিখিত পরীক্ষার পাঠ্যক্রম নিম্নরূপ:**

১) বাংলা ভাষায় ১৫০ শব্দের মধ্যে একটি রচনা লিখন (দশম শ্রেণী মানের) – ১৫ নম্বর
২) পাটিগণিত (দশম শ্রেণী মানের) – ২০ নম্বর
৩) পুষ্টি, জনস্বাস্থ্য, নারীর সামাজিক অবস্থান বিষয়ক প্রশ্ন- ১৫ নম্বর
৪) ইংরাজী (ইংরাজী ভাষায় সরল ও প্রাথমিক জ্ঞান), সরল অনুবাদ (দশম শ্রেণী মানের) – ২০ নম্বর
৫) সাধারণ জ্ঞানের প্রশ্ন – ২০ নম্ব

**ইংরাজী ব্যতীত বাকি সকল প্রশ্ন বাংলায় হবে। রচনা লিখন বাংলাতে লিখতে হবে।** রচনা লিখন ব্যতীত বাকি সকল প্রশ্ন হবে মাল্টিপল চয়েস ধরনের। লিখিত পরীক্ষায় উপরোক্ত (ক) রচনা লিখন, (খ) পাটিগণিত (দশম শ্রেণী মানের), (গ) পুষ্টি, জনস্বাস্থ্য, নারীর সামাজিক অবস্থান বিষয়ক প্রশ্ন, (ঘ) ইংরাজী (ইংরাজী ভাষায় সরল ও প্রাথমিক জ্ঞান), সরল অনুবাদ (দশমশ্রেণী মানের) ও (ঙ) সাধারণ জ্ঞানের প্রশ্ন- এই পাঁচটি ক্ষেত্রে **সর্বমোট ন্যূনতম ৩০ নম্বর না পেলে কোন প্রার্থীকেই মৌখিক পরীক্ষার জন্য বিবেচনা করা হবে না।**এই শর্তাবলী সকল শ্রেণী যথা- সাধারণ, তপশিলী জাতি, তপশিলী উপজাতি ও অন্যান্য

Child Dev. Project Officer
Banshihari I.C.D.S. Project
Dakshin Dinajpur

অনগ্রসর শ্রেণী (A & B), এক্সেম্পেটেড শ্রেণী, প্রতিবন্ধী- সবক্ষেত্রেই প্রযোজ্য হবে। লিখিত পরীক্ষায় পাশ করলেও মৌখিক পরীক্ষায় অনুপস্থিত থাকলে সেই প্রার্থী অযোগ্য বলে বিবেচিত হবেন। লিখিত পরীক্ষায় প্রাপ্ত ও মৌখিক পরীক্ষায় প্রাপ্ত মোট

নম্বরের ভিত্তিতে চূড়ান্ত মেধাতালিকা প্রস্তুত করা হবে। লিখিত পরীক্ষার ও মৌখিক পরীক্ষার তারিখ প্রবেশ পত্রের (Admit Card) মাধ্যমে প্রার্থীদের জানানো হবে। বিশেষ ক্ষেত্রে সরকারী আদেশনামা অনুসারে নির্বাচকমণ্ডলীর অনুমোদন সাপেক্ষে ১:৫ অনুপাতে ( শূন্য পদ সংখ্যা: মৌখিক পরীক্ষায় আহ্বান পাওয়া পরীক্ষার্থীর সংখ্যা) মৌখিক পরীক্ষা নিতে পারে। কোন বিশেষ শ্রেণীতে (সংরক্ষণভিত্তিক) উপযুক্ত সংখ্যায় প্রার্থী কম থাকলে কম সংখ্যক প্রার্থীকে মৌখিক পরীক্ষায় ডাকা হতে পারে।একই নম্বর প্রাপ্ত একই শ্রেণীর (সংরক্ষণভিত্তিক) সকল প্রার্থীকেই মৌখিক পরীক্ষায় বসার সুযোগ দেওয়া হবে। **যদি কোন ক্ষেত্রে দেখা যায় একই শ্রেণীর দুই বা ততোধিক প্রার্থীর লিখিত ও মৌখিক পরীক্ষার প্রাপ্ত নম্বর সমান, সেক্ষেত্রে যাঁর বয়স বেশি তাঁকে সরকারী আদেশ অনুসারে অগ্রাধিকার দেওয়া হবে।**

**চ) সংরক্ষণ সংক্রান্ত শর্তাবলী:** সংরক্ষিত পদের প্রার্থীদের ক্ষেত্রে নির্দিষ্ট শংসাপত্র উপযুক্ত কর্তৃপক্ষ দ্বারা প্রদত্ত হতে হবে। মৌখিক পরীক্ষার পূর্বে শংসাপত্রের আসল দাখিল করতে হবে। শংসাপত্রের জন্য আবেদন জমা দেওয়ার রসিদ গ্রাহ্য করা হবে না। মৌখিক পরীক্ষার পূর্বে সংরক্ষণ সংক্রান্ত উপযুক্ত নথি জমা না করা হলে ঐ প্রার্থীকে অসংরক্ষিত পদের জন্য বিবেচিত করা হবে (অন্যান্য যোগ্যতামান সঠিক থাকলে)।

**ছ) অবসরকালীন বয়স:** বর্তমানে সরকারী নির্দেশিকা অনুসারে প্রতিটি অঙ্গনওয়াড়ি কর্মীর ৬৫ বছর বয়স পূর্ণ হলে বাধ্যতামূলকভাবে এই স্বেচ্ছাসেবামূলক কর্মজীবনের অবসান ঘটবে।

**জ) কর্মক্ষেত্র:** আবেদনকারিণী এই সুসংহত শিশু বিকাশ সেবা প্রকল্পের অধীনস্থ যে গ্রাম পঞ্চায়েতে অঙ্গনওয়াড়ি সহায়িকা পদে কাজের জন্যে আবেদন করেছেন, তাকে সেই গ্রাম পঞ্চায়েতের যে কোন অঙ্গনওয়াড়ি কেন্দ্রে কাজ করতে প্রস্তুত থাকতে হবে।

**ঝ) প্রশিক্ষণ:** সমস্ত প্রশিক্ষণ বাধ্যতামূলক এবং পশ্চিমবঙ্গের যে কোন স্থানে প্রশিক্ষণ হতে পারে।।প্রশিক্ষণ নিতে অস্বীকার করলে বা প্রশিক্ষণের সময়ে ন্যূনতম যোগ্যতামান অর্জন না করলে তাঁর নিয়োগ বাতিল হবে।

**ঞ) আবেদন সংক্রান্ত শর্তাবলী ও আবেদন পত্র জমা করার সময় সীমা:**
আবেদনকারিণীদের নিম্নলিখিত ওয়েবসাইটের মাধ্যমে অনলাইনে আবেদন জমা করতে হবে।
**ওয়েবসাইট:https://recruitmentdd.in**
**আবেদন করা শুরুর তারিখ: ১৭/০১/২০২৪**
**আবেদন করার শেষ তারিখ: ১০/০২/২০২৪**
অনলাইন দরখাস্ত করার সময়ে শুধুমাত্র নিম্নলিখিত প্রমাণপত্র সমূহের স্ক্যান কপি ওয়েবসাইটে আপলোড করতে হবে
১) সাম্প্রতিক সময়ে (আবেদন করার তারিখ থেকে ছয় মাস পূর্বের সময়ের মধ্যে) তোলা প্রার্থী তথা আবেদনকারিণীর রঙিন পাশপোর্ট মাপের ছবি
২) আবেদনকারিণীর স্বাক্ষর
৩) সচিত্র পরিচয়পত্র
৩) জন্ম তারিখের প্রমাণপত্র- মাধ্যমিক বা স্বীকৃত বোর্ডের সমতুল্য পরীক্ষার নিবন্ধীকরণ (রেজিস্ট্রেশন)/ পাশ শংসাপত্র/ প্রবেশ পত্র (অ্যাডমিট কার্ড) স্বপ্রত্যয়িত
৪) জাতিগত শংসাপত্রের স্বপ্রত্যয়িত কপি (প্রযোজ্য হলে)
৫) সর্বোচ্চ শিক্ষাগত যোগ্যতার প্রমাণপত্র (স্বপ্রত্যয়িত কপি)
৬) স্থায়ী বাসিন্দার সচিত্র শংসাপত্র
৭) প্রতিবন্ধী শংসাপত্র (প্রযোজ্য হলে)

**(ট) প্রতিবন্ধী শ্রেণীর প্রার্থীদের ক্ষেত্রে প্রযোজ্য:**
প্রার্থীকে ন্যূনতম ৪০% অক্ষম হতে হবে। যে সকল প্রতিবন্ধী প্রার্থীদের লেখার ক্ষেত্রে প্রয়োজনীয় সক্ষমতার অভাব আছে, তাঁরা প্রয়োজনে অনুলেখকের (scribe) সহায়তা নিতে পারেন। সেক্ষেত্রে এইসকল ব্যক্তিদের ক্ষেত্রে তাঁরা সর্বমোট ৪০ (চল্লিশ) মিনিটের ক্ষতিপূরক (Compensatory) সময় পাবেন অর্থাৎ তাঁদের ক্ষেত্রে লিখিত পরীক্ষা হবে ২(দুই) ঘণ্টা ৪০(চল্লিশ) মিনিটের। তবে সেক্ষেত্রে আবেদনপত্র দাখিল করার সময়েই সেই সংক্রান্ত তথ্য কার্যালয়ে সরাসরি জানাতে হবে। আবেদন করার সময় উত্তীর্ণ হয়ে গেলে কোনভাবেই আর তাঁরা অনুলেখক সংক্রান্ত তথ্য জমা করতে পারবেন না এবং পরীক্ষাকেন্দ্রে অনুলেখকের সহায়তা পাওয়ার উপযুক্ত হিসেবে বিবেচিত হবেন না। অনুলেখকের যোগ্যতামান ও অন্যান্য তথ্যের জন্য সংশ্লিষ্ট শিশু বিকাশ প্রকল্প আধিকারিকের কার্যালয়ে যোগাযোগ করতে হবে।

**(ঠ)** নির্ধারিত সময়ে সঠিক প্রার্থীদের সচিত্র প্রবেশপত্র **(Admit Card)** ডাউনলোড করা যাবে **https://recruitmentdd.in** পোর্টাল থেকে। পরীক্ষা কেন্দ্রে সঠিক প্রার্থীদের সচিত্র প্রবেশপত্রের **(Admit Card)** রঙিন প্রিন্ট আউট সঙ্গে করে আনতে হবে। অন্যথায় তাঁদের পরীক্ষায় বসতে দেওয়া হবে না। পরীক্ষার তারিখ ও সময় উপরোক্ত ওয়েবসাইট/পোর্টাল-এ বিজ্ঞপ্তি আকারে জানানো হবে।

Child Dev. Project Officer
Banshihari I.C.D.S. Project
Dakshin Dinajpur

পশ্চিমবঙ্গ সরকার
শিশু বিকাশ প্রকল্প আধিকারিকের করণ
বংশীহারী সুসংহত শিশু বিকাশ সেবা প্রকল্প
বুনিয়াদপুর, দক্ষিণ দিনাজপুর

**স্মারকসংখ্যাঃ ১৮/আইসিডিএস (বিএএনএস)** **তারিখঃ ১৫/০১/২০২৪**

## বিজ্ঞপ্তি (NOTICE)

এতদ্বারা জানানো যাচ্ছে যে **বংশীহারী** সুসংহত শিশু বিকাশ সেবা প্রকল্পে **অঙ্গনওয়াড়ি কর্মী** পদে নিযুক্তির জন্য কেবল মাত্র **বংশীহারী** সুসংহত শিশু বিকাশ সেবা প্রকল্প এলাকার অর্থাৎ **বংশীহারী** পঞ্চায়েত সমিতির অন্তর্ভুক্ত সকল গ্রাম পঞ্চায়েতসমূহের ও **বুনিয়াদপুর পৌরসভার** স্থায়ী বাসিন্দা (কেবলমাত্র মহিলা) এমন প্রার্থী তথা আবেদনকারিণীদের নিকট হতে নিম্নলিখিত শর্তে আবেদন পত্র আহ্বান করা হচ্ছে। এই নিয়োগ সম্পূর্ণরূপে স্বেচ্ছাসেবামূলক। এই কাজে নিযুক্ত কর্মী কোন মতেই সরকারী কর্মী হিসেবে গণ্য হবেন না। অঙ্গনওয়াড়ি কর্মীদের সরকার অনুমোদিত হারে প্রতি মাসে সাম্মানিক ভাতা সহ অতিরিক্ত ভাতা প্রদান করা হবে। বর্তমানে অঙ্গনওয়াড়ি কর্মীদের চালু সাম্মানিক ভাতার পরিমাণ মাসিক ৪৫০০/- টাকা ও অতিরিক্ত ভাতার পরিমান মাসিক ৩৭৫০/- টাকা।

**সরাসরি নিয়োগের মাধ্যমে শূণ্য পদ অনুযায়ী সংরক্ষণ বিন্যাস:**

| মোট শূন্য পদ | অসংরক্ষিত (Unreserved) | তপশিলী জাতি (SC) | তপশিলী উপজাতি (ST) | অন্যান্য অনগ্রসর শ্রেণী A (OBC-A) | অন্যান্য অনগ্রসর শ্রেণী B (OBC-B) | শারীরিক প্রতিবন্ধী (PH) |
|---|---|---|---|---|---|---|
| ০২ | নাই | ০২ | নাই | নাই | নাই | নাই |

বিঃ দ্রঃ

**(১) পশ্চিমবঙ্গের বাইরে থেকে জারি হওয়া তপশিলী জাতি/ তপশিলী উপজাতি/ অন্যান্য অনগ্রসর শ্রেণী ক্যাটেগরি A/ অন্যান্য অনগ্রসর শ্রেণী ক্যাটেগরি B/ এক্সেম্পটেড (অব্যাহতিপ্রাপ্ত) শ্রেণী (ক্যাটেগরি)/ শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের শংসাপত্র এক্ষেত্রে গ্রাহ্য হবে না।**

(২) তপশিলী জাতি/তপশিলী উপজাতি/ অন্যান্য অনগ্রসর শ্রেণী ক্যাটেগরি A/ অন্যান্য অনগ্রসর শ্রেণী ক্যাটেগরি B- সংশ্লিষ্ট প্রার্থীর কোলকাতা ব্যতীত বাকি পশ্চিমবঙ্গের ক্ষেত্রে মহকুমাশাসক কর্তৃক জারি হওয়া শংসাপত্রই একমাত্র গ্রাহ্য হবে। এক্ষেত্রে অন্য কোনপ্রকার শংসাপত্র গ্রাহ্য করা হবে না। কোলকাতা থেকে জারি হওয়া শংসাপত্রের ক্ষেত্রে জেলাশাসক, দক্ষিণ ২৪-পরগনা বা দায়িত্বপ্রাপ্ত অতিরিক্ত জেলাশাসক, দক্ষিণ ২৪-পরগনা বা জেলা কল্যাণ আধিকারিক, কোলকাতা (District Welfare Officer, Kolkata) ব্যতীত অন্য কোনপ্রকারে জারি হওয়া শংসাপত্র গ্রাহ্য করা হবে না।

(৩) প্রতিবন্ধী শংসাপত্র- সংশ্লিষ্ট প্রার্থীকে পশ্চিমবঙ্গের কোন সরকারী মেডিক্যাল কলেজের মেডিক্যাল বোর্ড বা পশ্চিমবঙ্গের কোন জেলা হাসপাতালের বা পশ্চিমবঙ্গের কোন মহকুমা হাসপাতালের মেডিক্যাল বোর্ডের দ্বারা প্রদত্ত শংসাপত্র জমা করতে হবে। এক্ষেত্রে **West Bengal Persons with Disabilities (Equal Opportunities, Protection of Rights and Full Participation) Rules, 1999 প্রযোজ্য হবে।** প্রার্থী যেদিন আবেদন করছেন, সেইদিন বা তার আগে জারি হওয়া (Issued) শংসাপত্রই শুধুমাত্র গ্রাহ্য হবে। উক্ত তারিখের পরে কোন শংসাপত্র জারি হলে, তা অগ্রাহ্য করা হবে। শংসাপত্রের জন্য আবেদন জমা দেওয়ার রসিদ গ্রাহ্য করা হবে না। মৌখিক পরীক্ষার পূর্বে সংরক্ষণ সংক্রান্ত উপযুক্ত নথি জমা না করা হলে ঐ প্রার্থীকে অসংরক্ষিত পদের জন্য বিবেচনা করা হবে (অন্যান্য যোগ্যতামান সঠিক থাকলে)।

(৪) এক্সেম্পটেড (অব্যাহতিপ্রাপ্ত) শ্রেণীর (Exempted Category) প্রার্থীর কাছে উপযুক্ত শ্রম দপ্তর/অফিস /এক্সচেঞ্জ কর্তৃকপ্রদত্ত এক্সেম্পটেড (অব্যাহতিপ্রাপ্ত)শ্রেণী/ ক্যাটেগরির শংসাপত্র থাকা আবশ্যক। এক্ষেত্রে Government of West Bengal, Labour Department, Notification No.303-EMP-/1M10/2000 dated 21st August, 2002 মোতাবেক শর্তাবলী/বিধি প্রযোজ্য হবে। প্রার্থী যেদিন আবেদন করছেন, সেইদিন বা তার আগে জারি হওয়া (Issued) শংসাপত্রই শুধুমাত্র গ্রাহ্য হবে। উক্ত তারিখের পরে কোন শংসাপত্র জারি হলে, তা অগ্রাহ্য করা হবে। শংসাপত্রের জন্য আবেদন জমা দেওয়ার রসিদ গ্রাহ্য করা হবে না। মৌখিক পরীক্ষার পূর্বে সংরক্ষণ সংক্রান্ত উপযুক্ত নথি জমা না করা হলে ঐ প্রার্থীকে অসংরক্ষিত পদের জন্য বিবেচনা করা হবে (অন্যান্য যোগ্যতামান সঠিক থাকলে)। এক্সেম্পটেড (অব্যাহতিপ্রাপ্ত) শ্রেণীতে/ ক্যাটেগরিতে নির্বাচিত হলে সেই প্রার্থীর শংসাপত্র Central Employment Exchange, Kolkata থেকে সত্যতা যাচাই করিয়ে আনার পরে প্রার্থীকে নিয়োগ করা হবে।শংসাপত্র অসঙ্গতিপূর্ণ বা ভুয়ো প্রমাণিত হলে তাঁর নির্বাচন বাতিল করা হবে।

Child Dev. Project Officer
Banshihari I.C.D.S. Project
Dakshin Dinajpur

**আবশ্যিক শর্তাবলী:**
**ক)** প্রার্থীকে অবশ্যই ভারতের নাগরিক এবং মহিলা হতে হবে।

**খ)** <u>ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা</u>: আবেদনের তারিখকে ভিত্তি করে অঙ্গনওয়াড়ি কর্মী পদের ক্ষেত্রে প্রার্থীকে যেকোনো স্বীকৃত বোর্ড (Recognized Board) থেকে উচ্চমাধ্যমিক বা সমতুল্য পরীক্ষা পাশ হতে হবে (সাধারণ, তপশিলী জাতি, তপশিলী উপজাতি ও অন্যান্য অনগ্রসর শ্রেণী (A/B), প্রতিবন্ধী, এক্সেম্পটেড ক্যাটেগরি ইত্যাদি সকলের ক্ষেত্রেই প্রযোজ্য)। উচ্চতর শিক্ষাগত যোগ্যতা প্রার্থীপদের ক্ষেত্রে কোন অন্তরায় হবে না।

**গ)** <u>**বয়সঃ**</u> **০১/০১/২০২৪** তারিখে প্রার্থীকে ন্যূনতম ১৮ বছর বয়সের হতে হবে। তিনি উক্ত ০১/০১/২০২৪ তারিখে কোনমতেই ৩৫ বছরের বেশি বয়সের হতে পারবেন না। **অর্থাৎ সকল প্রার্থীর জন্ম তারিখ ০২/০১/১৯৮৯ বা তার পরে এবং ০১/০১/২০০৬ বা তার আগে হতে হবে।** এই শর্তাবলী সকল শ্রেণীর প্রার্থীদের যথা- সাধারণ, তপশিলী জাতি, তপশিলী উপজাতি ও অন্যান্য অনগ্রসর শ্রেণী (A & B), এক্সেম্পেটেড শ্রেণী, প্রতিবন্ধী- সবক্ষেত্রেই প্রযোজ্য হবে।মাধ্যমিক বা স্বীকৃত সমতুল্য পরীক্ষার রেজিস্ট্রেশন বা অ্যাডমিট কার্ড বা স্বীকৃত বোর্ড কর্তৃক প্রদত্ত দশম শ্রেণী পাশ শংসাপত্রে লিখিত বয়সই এক্ষেত্রে সঠিক বয়সের প্রমাণ হিসেবে বিবেচিত হবে। অন্য কোনরূপ প্রমাণ এক্ষেত্রে গ্রাহ্য হবে না।

**ঘ)** <u>**স্থায়ী বাসস্থান সংক্রান্ত শর্তঃ**</u> স্থায়ী বাসস্থান সংক্রান্ত প্রমাণপত্র হিসাবে প্রার্থীর ভোটার কার্ড (EPIC) বিবেচনা করা হবে।যদি কোনো প্রার্থীর ভোটার কার্ড (EPIC) না থাকে, তাহলে সেই প্রার্থীর স্থায়ী বাসিন্দা হওয়ার প্রমাণপত্র হিসাবে প্রার্থীকে দেওয়া সংশ্লিষ্ট লোকসভার সদস্য/ জেলার সভাধিপতি/ সংশ্লিষ্ট এলাকার বিধায়ক/ জেলা শাসক/ অতিরিক্ত জেলা শাসক/ সংশ্লিষ্ট মহকুমা শাসক/ সংশ্লিষ্ট পঞ্চায়েত সমিতির সভাপতি/ সংশ্লিষ্ট সমষ্টি উন্নয়ন আধিকারিক/সংশ্লিষ্ট গ্রাম পঞ্চায়েতের প্রধান/ সংশ্লিষ্ট পৌরসভার চেয়ারম্যান/ সংশ্লিষ্ট পৌরসভার কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সচিত্র শংসাপত্র বিবেচিত হবে। প্রসঙ্গত, যে কোনো সফল নির্বাচিত প্রার্থীকে তার পদে যোগদান করার আগে অবশ্যই তার ভোটার কার্ড (EPIC) পেশ করতে হবে। অন্যথায় তাঁর যোগদান গৃহীত/অনুমোদিত হবে না। তাঁকে অবশ্যই এই সুসংহত শিশুবিকাশ সেবা প্রকল্পের অন্তর্ভূক্ত এলাকার স্থায়ী বাসিন্দা হতে হবে অর্থাৎ আবেদনকারিণীকে **বংশীহারী** পঞ্চায়েত সমিতির অন্তর্গত যে কোন গ্রাম পঞ্চায়েতের বা **বুনিয়াদপুর পৌরসভার** স্থায়ী বাসিন্দা হতে হবে।

**ঙ)** <u>**পরীক্ষাঃ**</u> সকল আবশ্যিক শর্তপূরণের সাপেক্ষে যোগ্য প্রার্থী তথা আবেদনকারিণীদের পরীক্ষার মাধ্যমে নির্বাচিত করা হবে।পরীক্ষার পূর্ণমান ১০০। প্রথমে ৯০ নম্বরের লিখিত পরীক্ষা নেওয়া হবে। লিখিত পরীক্ষা হবে ২ ঘন্টার। লিখিত পরীক্ষায় পাশ করলে মৌখিক পরীক্ষার জন্য প্রবেশাধিকার পাওয়া যাবে।মৌখিক পরীক্ষা ১০ নম্বরের। অনুলিখনের (প্রতিবন্ধীদের জন্য) ক্ষেত্রে লিখিত পরীক্ষায় অতিরিক্ত ৪০ মিনিট সময় বরাদ্দ থাকবে। অর্থাৎ লিখিত পরীক্ষায় অনুলিখনের ক্ষেত্রে মোট সময় ২ (দুই) ঘন্টা ৪০ (চল্লিশ) মিনিট বরাদ্দ থাকবে।
**লিখিত পরীক্ষার পাঠ্যক্রম নিম্নরূপঃ**
১) বাংলা ভাষায় ১৫০ শব্দের মধ্যে একটি রচনা লিখন (দশম শ্রেণী মানের) – ১৫ নম্বর
২) পাটিগণিত (দশম শ্রেণী মানের) – ২০ নম্বর
৩) পুষ্টি, জনস্বাস্থ্য, নারীর সামাজিক অবস্থান বিষয়ক প্রশ্ন- ১৫ নম্বর
৪) ইংরাজী (ইংরাজী ভাষায় সরল ও প্রাথমিক জ্ঞান), সরল অনুবাদ (দশম শ্রেণী মানের) – ২০ নম্বর
৫) সাধারণ জ্ঞানের প্রশ্ন – ২০ নম্বর

**ইংরাজী ব্যতীত বাকি সকল প্রশ্ন বাংলায় হবে। রচনা লিখন বাংলাতে লিখতে হবে।** রচনা লিখন ব্যতীত বাকি সকল প্রশ্ন হবে মাল্টিপল চয়েস ধরনের। লিখিত পরীক্ষায় উপরোক্ত (ক) রচনা লিখন, (খ) পাটিগণিত (দশম শ্রেণী মানের), (গ) পুষ্টি, জনস্বাস্থ্য, নারীর সামাজিক অবস্থান বিষয়ক প্রশ্ন, (ঘ) ইংরাজী (ইংরাজী ভাষায় সরল ও প্রাথমিক জ্ঞান), সরল অনুবাদ (দশমশ্রেণী মানের) ও (ঙ)সাধারণ জ্ঞানের প্রশ্ন- এই পাঁচটি ক্ষেত্রে **সর্বমোট ন্যূনতম ৩০ নম্বর না পেলে কোন প্রার্থীকেই মৌখিক পরীক্ষার জন্য বিবেচনা করা হবে না।** এই শর্তাবলী সকল শ্রেণী যথা- সাধারণ, তপশিলী জাতি, তপশিলী উপজাতি ও অন্যান্য অনগ্রসর শ্রেণী (A & B), এক্সেম্পেটেড শ্রেণী, প্রতিবন্ধী- সবক্ষেত্রেই প্রযোজ্য হবে। লিখিত পরীক্ষায় পাশ করলেও মৌখিক পরীক্ষায় অনুপস্থিত থাকলে সেই প্রার্থী অযোগ্য বলে বিবেচিত হবেন। লিখিত পরীক্ষায় প্রাপ্ত ও মৌখিক পরীক্ষায় প্রাপ্ত মোট নম্বরের ভিত্তিতে চূড়ান্ত মেধাতালিকা প্রস্তুত করা হবে। লিখিত পরীক্ষার ও মৌখিক পরীক্ষার তারিখ প্রবেশ পত্রের (Admit Card) মাধ্যমে প্রার্থীদের জানানো হবে। প্রবেশ পত্র প্রার্থীকে নিজেকেই নির্ধারিত সময় সীমার মধ্যে ডাউনলোড করে রঙিন প্রিন্ট আউট নিতে হবে।এক্ষেত্রে প্রার্থীকে কোনপ্রকার প্রবেশ পত্র (Admit Card) ই-মেল বা ডাকযোগে বা সরাসরি হাতে-হাতে পাঠানো হবে না। বিশেষ ক্ষেত্রে সরকারী আদেশনামা অনুসারে নির্বাচকমণ্ডলীর অনুমোদন সাপেক্ষে ১:৫ অনুপাতে ( শূন্য পদ সংখ্যা: মৌখিক পরীক্ষায় আহ্বান পাওয়া পরীক্ষার্থীর সংখ্যা) মৌখিক পরীক্ষা নিতে পারে। কোন বিশেষ শ্রেণীতে

Child Dev. Project Officer
Banshihari I.C.D.S. Project
Dakshin Dinajpur

(সংরক্ষণভিত্তিক) উপযুক্ত সংখ্যায় প্রার্থী কম থাকলে কম সংখ্যক প্রার্থীকে মৌখিক পরীক্ষায় ডাকা হতে পারে।একই নম্বর প্রাপ্ত একই শ্রেণীর (সংরক্ষণভিত্তিক) সকল প্রার্থীকেই মৌখিক পরীক্ষায় বসার সুযোগ দেওয়া হবে। **যদি কোন ক্ষেত্রে দেখা যায় একই শ্রেণীর দুই বা ততোধিক প্রার্থীর লিখিত ও মৌখিক পরীক্ষার প্রাপ্ত নম্বর সমান, সেক্ষেত্রে যাঁর বয়স বেশি তাঁকে সরকারী আদেশ অনুসারে অগ্রাধিকার দেওয়া হবে।**

**চ) <u>সংরক্ষণ সংক্রান্ত শর্তাবলী:</u>** সংরক্ষিত পদের প্রার্থীদের ক্ষেত্রে নির্দিষ্ট শংসাপত্র উপযুক্ত কর্তৃপক্ষ দ্বারা প্রদত্ত হতে হবে। মৌখিক পরীক্ষার পূর্বে শংসাপত্রের আসল দাখিল করতে হবে। শংসাপত্রের জন্য আবেদন জমা দেওয়ার রসিদ গ্রাহ্য করা হবে না। মৌখিক পরীক্ষার পূর্বে সংরক্ষণ সংক্রান্ত উপযুক্ত নথি জমা না করা হলে ঐ প্রার্থীকে অসংরক্ষিত পদের জন্য বিবেচিত করা হবে (অন্যান্য যোগ্যতামান সঠিক থাকলে)।

**ছ) <u>অবসরকালীন বয়স:</u>** বর্তমানে সরকারী নির্দেশিকা অনুসারে প্রতিটি অঙ্গনওয়াড়ি কর্মীর ৬৫ বছর বয়স পূর্ণ হলে বাধ্যতামূলকভাবে এই স্বেচ্ছাসেবামূলক কর্মজীবনের অবসান ঘটবে।

**জ) <u>কর্মক্ষেত্র:</u>** আবেদনকারিণীকে এই সুসংহত শিশু বিকাশ সেবা প্রকল্পের অধীনস্থ যে কোন কেন্দ্রে কাজ করতে প্রস্তুত থাকতে হবে।

**ঝ) <u>প্রশিক্ষণ:</u>** সমস্ত প্রশিক্ষণ বাধ্যতামূলক এবং পশ্চিমবঙ্গের যে কোন স্থানে প্রশিক্ষণ হতে পারে।।প্রশিক্ষণ নিতে অস্বীকার করলে বা প্রশিক্ষণের সময়ে ন্যূনতম যোগ্যতামান অর্জন না করলে তাঁর নিয়োগ বাতিল হবে।

**ঞ) <u>আবেদন সংক্রান্ত শর্তাবলী ও আবেদন পত্র জমা করার সময় সীমা:</u>**
আবেদনকারিণীদের নিম্নলিখিত ওয়েবসাইটের মাধ্যমে অনলাইনে আবেদন জমা করতে হবে।
**ওয়েবসাইট:https://recruitmentdd.in**
**আবেদন করা শুরুর তারিখ: ১৭/০১/২০২৪**
**আবেদন করার শেষ তারিখ: ১০/০২/২০২৪**
অনলাইন দরখাস্ত করার সময়ে শুধুমাত্র নিম্নলিখিত প্রমাণপত্র সমূহের স্ক্যান কপি ওয়েবসাইটে আপলোড করতে হবে
১) সাম্প্রতিক সময়ে (আবেদন করার তারিখ থেকে ছয় মাস পূর্বের সময়ের মধ্যে) তোলা প্রার্থী তথা আবেদনকারিণীর রঙিন পাশপোর্ট মাপের ছবি
২) আবেদনকারিণীর স্বাক্ষর
৩) সচিত্র পরিচয় পত্র
৪) জন্ম তারিখের প্রমাণপত্র- মাধ্যমিক বা স্বীকৃত বোর্ডের সমতুল্য পরীক্ষার নিবন্ধীকরণ (রেজিস্ট্রেশন)/ পাশ শংসাপত্র/ প্রবেশ পত্র (অ্যাডমিট কার্ড) স্বপ্রত্যয়িত
৫) জাতিগত শংসাপত্রের স্বপ্রত্যয়িত কপি (প্রযোজ্য হলে)
৬) সর্বোচ্চ শিক্ষাগত যোগ্যতার প্রমাণপত্র (স্বপ্রত্যয়িত কপি)
৭) স্থায়ী বাসিন্দার সচিত্র শংসাপত্র
৮) প্রতিবন্ধী শংসাপত্র (প্রযোজ্য হলে)

**(ট) <u>প্রতিবন্ধী শ্রেণীর প্রার্থীদের ক্ষেত্রে প্রযোজ্য:</u>**
প্রার্থীকে ন্যূনতম ৪০% অক্ষম হতে হবে। যে সকল প্রতিবন্ধী প্রার্থীদের লেখার ক্ষেত্রে প্রয়োজনীয় সক্ষমতার অভাব আছে, তাঁরা প্রয়োজনে অনুলেখকের (scribe) সহায়তা নিতে পারেন। সেক্ষেত্রে এইসকল ব্যক্তিদের ক্ষেত্রে তাঁরা সর্বমোট ৪০ (চল্লিশ) মিনিটের ক্ষতিপূরক (Compensatory) সময় পাবেন অর্থাৎ তাঁদের ক্ষেত্রে লিখিত পরীক্ষা হবে ২(দুই) ঘণ্টা ৪০(চল্লিশ) মিনিটের। তবে সেক্ষেত্রে আবেদনপত্র দাখিল করার সময়েই সেই সংক্রান্ত তথ্য কার্যালয়ে সরাসরি জানাতে হবে। আবেদন করার সময় উত্তীর্ণ হয়ে গেলে কোনভাবেই আর তাঁরা অনুলেখক সংক্রান্ত তথ্য জমা করতে পারবেন না এবং পরীক্ষাকেন্দ্রে অনুলেখকের সহায়তা পাওয়ার উপযুক্ত হিসেবে বিবেচিত হবেন না। অনুলেখকের যোগ্যতামান ও অন্যান্য তথ্যের জন্য সংশ্লিষ্ট শিশু বিকাশ প্রকল্প আধিকারিকের কার্যালয়ে যোগাযোগ করতে হবে।

**(ঠ)** নির্ধারিত সময়ে সঠিক প্রার্থীদের সচিত্র প্রবেশপত্র **(Admit Card)** ডাউনলোড করা যাবে **https://recruitmentdd.in** পোর্টাল থেকে। পরীক্ষা কেন্দ্রে সঠিক প্রার্থীদের সচিত্র প্রবেশপত্রের **(Admit Card)** রঙিন প্রিন্ট আউট সঙ্গে করে আনতে হবে। অন্যথায় তাঁদের পরীক্ষায় বসতে দেওয়া হবে না। পরীক্ষার তারিখ ও সময় উপরোক্ত ওয়েবসাইট/পোর্টাল-এ বিজ্ঞপ্তি আকারে জানানো হবে।

Child Dev. Project Officer
Banshihari I.C.D.S. Project
Dakshin Dinajpur

**বিঃ দ্রঃ**

- কোন ভুল বা অসঙ্গত তথ্য দিলে বা উপরোক্ত কোন আবশ্যিক শর্ত লঙ্ঘন করলে আবেদন পত্র বাতিল বলে গণ্য করা হবে এবং এ বিষয়ে কোন কারণ দর্শানো হবে না। শুধু মাত্র নির্ভুল ও সঠিক আবেদন পত্রের ভিত্তিতেই পরীক্ষার প্রবেশ পত্র পাওয়া যাবে।
- পরীক্ষা কেন্দ্রে উপস্থিত হওয়ার জন্য কোনরূপ গাড়ী ভাড়া বা অপর কোন খরচ প্রকল্প কার্যালয় বহন করবে না।
- যদি প্রমাণিত হয় কোন প্রার্থী তাঁর নিয়োগের ক্ষেত্রে কোনরূপ প্রভাব বিস্তার করেছেন বা অসাধু উপায় অবলম্বন করেছেন, তাহলে কর্তৃপক্ষ তাঁর প্রার্থীপদ বাতিল করবেন।এ বিষয়ে কোন কারণ দর্শানো হবে না।
- যে কোন বিষয়ে বিতর্কের ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচ্য হবে। সেক্ষেত্রে কোন প্রার্থীকে তার প্রার্থীপদ বাতিল করার ক্ষেত্রে চূড়ান্ত সিদ্ধান্ত কর্তৃপক্ষই নিতে পারবেন।
- আবেদনপত্রের কোন অস্বাক্ষরিত পরিবর্তন অসঙ্গত বলে বিবেচিত হবে। জমা করা আবেদন পত্রে কোন পরিবর্তনের অনুরোধ গ্রাহ্য করা হবে না।
- নিয়োজিত হলে প্রবীণত্ব (Seniority), নিয়োগের শর্ত, বদলি, ইত্যাদি ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।
- বিজ্ঞপ্তির লিখিত তথ্য খুঁটিয়ে পড়ে তবেই আবেদন করবেন অন্যথায় আবেদনপত্রে ভুল থাকতে পারে। ভুল আবেদনপত্র বাতিল হবে।এজন্য কর্তৃপক্ষ কোনভাবেই দায়ী থাকবে না।
- নিযুক্তি সংক্রান্ত বিশদ বিবরণ বা কোন জিজ্ঞাস্য বিষয়ে যে কোন সরকারী কাজের দিন বেলা ১২টা থেকে বিকাল ৩টা পর্যন্ত সংশ্লিষ্ট শিশু বিকাশ প্রকল্প আধিকারিকের করণে যোগাযোগ করা যেতে পারে।

**শিশু বিকাশ প্রকল্প আধিকারিক**
**বংশীহারী সুসংহত শিশুবিকাশ সেবা প্রকল্প**
**বুনিয়াদপুর, দক্ষিণ দিনাজপুর**

**স্মারকসংখ্যাঃ ১৮/১(২০)/আইসিডিএস (বিএএনএস)** **তারিখঃ ১৫/০১/২০২৪**

জ্ঞাতার্থে ও ব্যাপক প্রচারের উদ্দেশ্যে সংশ্লিষ্ট কার্যালয়ের নোটিশ বোর্ডে প্রদর্শনের অনুরোধসহ প্রতিলিপি প্রেরণ করা হলঃ

১) মাননীয়া অধিকর্তা (Director of ICDS), সুসংহত শিশু বিকাশ সেবা প্রকল্প, পশ্চিমবঙ্গ সরকার, শৈশালি ভবন, সল্টলেক, কলকাতা-৬৪
২) মাননীয়া অতিরিক্ত সচিব (Additional Secretary), পশ্চিমবঙ্গ সরকার, নারী ও শিশু উন্নয়ন ও সমাজকল্যান বিভাগ, বিকাশ ভবন, কলকাতা-৯১
৩) মাননীয় বিপ্লব মিত্র, দায়িত্বপ্রাপ্ত মন্ত্রী, ক্রেতা সুরক্ষা দপ্তর ও সহ-সভাপতি, ডি.এল.এস.এম.সি, দক্ষিণ দিনাজপুর
৪) মাননীয় জেলা শাসক ও সভাপতি, ডি.এল.এস.এম.সি, দক্ষিণ দিনাজপুর
৫) মাননীয়া রেখা রায়, বিধায়ক, কুশমণ্ডি ও সদস্য, ডি.এল.এস.এম.সি, দক্ষিণ দিনাজপুর
৬) মাননীয় মহকুমা শাসক, গঙ্গারামপুর মহকুমা ও সদস্য, ডি.এল.এস.এম.সি, দক্ষিণ দিনাজপুর
৭) মাননীয় জেলা প্রকল্প আধিকারিক (আই.সি.ডি.এস.) ও সদস্য, ডি.এল.এস.এম.সি, দক্ষিণ দিনাজপুর
৮) মাননীয় সমষ্টি উন্নয়ন আধিকারিক, বংশীহারী ব্লক ও সদস্য, ডি.এল.এস.এম.সি, দক্ষিণ দিনাজপুর
৯) মাননীয় সমষ্টি স্বাস্থ্য আধিকারিক, রসিদপুর গ্রামীন হাসপাতাল ও সদস্য, ডি.এল.এস.এম.সি, দক্ষিণ দিনাজপুর
১০) মাননীয় সভাপতি, বংশীহারী পঞ্চায়েত সমিতি, দক্ষিণ দিনাজপুর
১১) মাননীয়া পৌরপ্রধান, বুনিয়াদপুর পৌরসভা, দক্ষিণ দিনাজপুর
১২) মাননীয় সমষ্টি ভূমি ও ভূমি সংস্কার আধিকারিক, বংশীহারী ব্লক, দক্ষিণ দিনাজপুর
১৩) মাননীয় অবর বিদ্যালয় পরিদর্শক (প্রাথমিক),বংশীহারী চক্র, দক্ষিণ দিনাজপুর
১৪) মাননীয় সহ কৃষি অধিকর্তা, বংশীহারী ব্লক, দক্ষিণ দিনাজপুর
১৫) মাননীয় পোস্ট মাস্টার, বুনিয়াদপুর ডাকঘর, দক্ষিণ দিনাজপুর
১৬-১৯) মাননীয় প্রধান, ............ গ্রাম পঞ্চায়েত, বংশীহারী ব্লক, দক্ষিণ দিনাজপুর (সকল)
২০) কার্য্যালয়ের প্রতিলিপি

**শিশু বিকাশ প্রকল্প আধিকারিক**
**বংশীহারী সুসংহত শিশুবিকাশ সেবা প্রকল্প**
**বুনিয়াদপুর, দক্ষিণ দিনাজপুর**

**পশ্চিমবঙ্গ সরকার**
**শিশু বিকাশ প্রকল্প আধিকারিকের করণ**
**বংশীহারী সুসংহত শিশু বিকাশ সেবা প্রকল্প**
**বুনিয়াদপুর, দক্ষিণ দিনাজপুর**

**স্মারকসংখ্যাঃ ১৭/আইসিডিএস (বিএএনএস)** **তারিখঃ ১৫/০১/২০২৪**

## বিজ্ঞপ্তি (NOTICE)

বংশীহারী সুসংহত শিশু বিকাশ সেবা প্রকল্পের অঙ্গনওয়াড়ি সহায়িকা পদ থেকে অঙ্গনওয়াড়ি কর্মী পদে পদোন্নতির জন্য কেবল মাত্র উক্ত সুসংহত শিশু বিকাশ সেবা প্রকল্পে যে সকল অঙ্গনওয়াড়ি সহায়িকা ন্যূনতম ৫(পাঁচ) বছর নিরবিচ্ছিন্নভাবে উক্ত পদে কর্মরত, তাঁদের নিকট হতে নিম্নলিখিত শর্তে আবেদন পত্র আহ্বান করা হচ্ছে। এই নিযুক্তি সম্পূর্ণরূপে স্বেচ্ছাসেবামূলক। এই কাজে নিযুক্ত কর্মী কোন মতেই সরকারী কর্মীপদে গণ্য হবেন না। অঙ্গনওয়াড়ি কর্মীদের সরকার অনুমোদিত হারে প্রতি মাসে সাম্মানিক ভাতা সহ অতিরিক্ত ভাতা প্রদান করা হবে। বর্তমানে অঙ্গনওয়াড়ি কর্মীদের চালু সাম্মানিক ভাতার পরিমান মাসিক ৪৫০০/- টাকা ও অতিরিক্ত ভাতার পরিমান মাসিক ৩৭৫০/- টাকা।

**শূন্য পদ অনুযায়ী সংরক্ষণ বিন্যাস:**

| মোট শূন্য পদ | অসংরক্ষিত (UR) | তপশিলী জাতি (SC) | তপশিলী উপজাতি (ST) |
|---|---|---|---|
| ০৪ | ০৩ | ০১ | ০০ |

**আবশ্যিক শর্তাবলী:**

**ক) ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা**: বিজ্ঞপ্তি তারিখটিকে ভিত্তি করে অঙ্গনওয়াড়ি কর্মী পদে নিয়োগের ক্ষেত্রে যে কোনো স্বীকৃত বোর্ড (Recognized Board) থেকে উচ্চমাধ্যমিক বা সমতুল্য পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে (সাধারণ, তপশিলী জাতি, তপশিলী উপজাতি- সকলের ক্ষেত্রেই প্রযোজ্য)। উচ্চতর শিক্ষাগত যোগ্যতা প্রার্থীপদের ক্ষেত্রে কোন অন্তরায় হবে না, কিন্তু কোন অঙ্গনওয়াড়ি সহায়িকা যদি পূর্বে অঙ্গনওয়াড়ি সহায়িকা পদে আবেদন করার সময় নিজের শিক্ষাগত যোগ্যতা গোপন করে নিয়োগপ্রাপ্ত হয়ে থাকেন তাহলে তাঁর আবেদনপত্র বিবেচনা করা হবে না। প্রার্থীকে মৌখিক পরীক্ষার আগে এই মর্মে হলফনামা দিতে হতে পারে।

**খ) বয়সঃ** ০১/০১/২০২৪ তারিখটিকে ভিত্তি করে ৬৫ বছর বয়স পর্যন্ত, ন্যূনতম পাঁচ বছর নিরবচ্ছিন্ন সহায়িকা পদে কাজ করেছেন এমন ব্যক্তিগণ আবেদন করতে পারবেন। তবে অবসরপ্রাপ্ত ব্যক্তিগণ এক্ষেত্রে আবেদন করতে পারবেন না বা ভবিষ্যতে নিয়োগপ্রাপ্ত হবেন না।

**গ) স্থায়ী বাসিন্দা সংক্রান্ত শর্তঃ** স্থায়ী বাসস্থান সংক্রান্ত প্রমাণপত্র হিসাবে প্রার্থীর ভোটার কার্ড (EPIC) বিবেচনা করা হবে।যদি কোনো প্রার্থীর ভোটার কার্ড (EPIC) না থাকে, তাহলে সেই প্রার্থীর স্থায়ী বাসিন্দা হওয়ার প্রমাণপত্র হিসাবে প্রার্থীকে দেওয়া সংশ্লিষ্ট লোকসভার সদস্য/ জেলার সভাধিপতি/ সংশ্লিষ্ট এলাকার বিধায়ক/ জেলা শাসক/ অতিরিক্ত জেলা শাসক/ সংশ্লিষ্ট মহকুমা শাসক/ সংশ্লিষ্ট পঞ্চায়েত সমিতির সভাপতি/ সংশ্লিষ্ট সমষ্টি উন্নয়ন আধিকারিক/সংশ্লিষ্ট গ্রাম পঞ্চায়েতের প্রধান/ সংশ্লিষ্ট পৌরসভার চেয়ারম্যান/ সংশ্লিষ্ট পৌরসভার কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সচিত্র শংসাপত্র বিবেচিত হবে।প্রসঙ্গত, যে কোনো সফল নির্বাচিত প্রার্থীকে তাঁর পদে যোগদান করার আগে অবশ্যই তাঁর ভোটার কার্ড (EPIC) পেশ করতে হবে। অন্যথায় তাঁর নিয়োগ/যোগদান গৃহীত/অনুমোদিত হবে না। প্রার্থীকে অবশ্যই এই সুসংহত শিশুবিকাশ সেবা প্রকল্পের অন্তর্ভূক্ত এলাকার স্থায়ী বাসিন্দা হতে হবে অর্থাৎ আবেদনকারিনীকে **বংশীহারী পঞ্চায়েত সমিতির** অন্তর্গত যে কোন গ্রাম পঞ্চায়েতের / **বুনিয়াদপুর পৌরসভার** স্থায়ী বাসিন্দা হতে হবে।

**ঘ) অভিজ্ঞতাঃ** ০১/০১/২০২৪ তারিখটিকে ভিত্তি করে প্রার্থীর অভিজ্ঞতার সময়সীমা নিরূপণ করা হবে।

**ঙ) পরীক্ষাঃ** সকল আবশ্যিক শর্তপূরণের সাপেক্ষে যোগ্য আবেদনকারিণীদের পরীক্ষার মাধ্যমে নির্বাচিত করা হবে।মোট নম্বর ৫০ হবে, যার মধ্যে লিখিত পরীক্ষায় ৩৫ নম্বর, অভিজ্ঞতার ক্ষেত্রে সর্বোচ্চ ১০ নম্বর (০১/০১/২০২৪ তারিখের সাপেক্ষে ৮ (আট) বছর বা তার ঊর্ধে নিরবচ্ছিন্নভাবে সহায়িকা পদে কাজ করলে ৫ (পাঁচ) নম্বর এবং ১১ (এগারো) বছর বা তার ঊর্ধে

Child Dev. Project Officer
Banshihari I.C.D.S. Project
Dakshin Dinajpur

নিরবচ্ছিন্নভাবে সহায়িকা পদে কাজ করলে ১০ (দশ) নম্বর) ও মৌখিক পরীক্ষায় ৫ (পাঁচ) নম্বর। এক্ষেত্রে নিয়োগের পূর্বে নিম্নস্বাক্ষরকারীর করণ থেকে প্রার্থীর কাজের অভিজ্ঞতা যাচাই করে নেওয়া হবে।যাচাই প্রক্রিয়ায় ব্যর্থ হলে সেই প্রার্থীকে অঙ্গনওয়াড়ি কর্মী পদে নিয়োগ করা হবে না।

**লিখিত পরীক্ষার পাঠ্যক্রম নিম্নরূপঃ**

১) পাটিগণিত ( দশম শ্রেণীর মানের )- ১০ (দশ) নম্বর
২) পুষ্টি, জনস্বাস্থ্য, নারীর সামাজিক অবস্থান বিষয়ক প্রশ্নঃ ১০ (দশ) নম্বর
৩) ইংরেজি ভাষা( দশম শ্রেণীর মানের )- ১০ (দশ) নম্বর
৪) সাধারণ জ্ঞানের প্রশ্নঃ ০৫ (পাঁচ) নম্বর

**ইংরাজী ব্যতীত বাকি সকল প্রশ্ন বাংলায় হবে।** সকল প্রশ্ন হবে মাল্টিপল চয়েস ধরনের।লিখিত পরীক্ষা হবে ১ (এক ঘণ্টার)। লিখিত পরীক্ষার ক্ষেত্রে কোনরূপ ন্যূনতম যোগ্যতা নির্ধারক নম্বর থাকবে না। লিখিত পরীক্ষা বা মৌখিক পরীক্ষায় অনুপস্থিত থাকলে সেই প্রার্থী অযোগ্য বলে বিবেচিত হবে। লিখিত পরীক্ষায় প্রাপ্ত ও মৌখিক পরীক্ষায় প্রাপ্ত ও অভিজ্ঞতার নিরিখে (Weightage of Seniority) প্রাপ্ত মোট নম্বরের ভিত্তিতে চূড়ান্ত মেধাতালিকা প্রস্তুত করা হবে। লিখিত পরীক্ষার ও মৌখিক পরীক্ষার তারিখ প্রবেশ পত্রের (Admit Card) মাধ্যমে প্রার্থীদের জানানো আবেদনকারী প্রার্থী লিখিত পরীক্ষায় উপস্থিত হলে তবেই তাঁকে মৌখিক পরীক্ষায় ডাকা হবে।

**চ) সংরক্ষণ সংক্রান্ত শর্তাবলীঃ** সংরক্ষিত পদের প্রার্থীদের ক্ষেত্রে নির্দিষ্ট শংসাপত্র উপযুক্ত কর্তৃপক্ষ দ্বারা প্রদত্ত হতে হবে। মৌখিক পরীক্ষার পূর্বে শংসাপত্রের আসল দাখিল করতে হবে। শংসাপত্রের জন্য আবেদন জমা দেওয়ার রসিদ গ্রাহ্য করা হবে না। মৌখিক পরীক্ষার পূর্বে সংরক্ষণ সংক্রান্ত উপযুক্ত নথি জমা না করা হলে ঐ প্রার্থীকে অসংরক্ষিত পদের জন্য বিবেচিত করা হবে (অন্যান্য যোগ্যতামান সঠিক থাকলে)।
**পশ্চিমবঙ্গের বাইরে থেকে জারি হওয়া তপশিলী জাতি/ তপশিলী উপজাতি শংসাপত্র এক্ষেত্রে গ্রাহ্য হবে না।**

তপশিলী জাতি/তপশিলী উপজাতি সংশ্লিষ্ট প্রার্থীর কোলকাতা ব্যতীত বাকি পশ্চিমবঙ্গের ক্ষেত্রে মহকুমাশাসক কর্তৃক জারি হওয়া শংসাপত্রই একমাত্র গ্রাহ্য হবে। এক্ষেত্রে অন্য কোনপ্রকার শংসাপত্র গ্রাহ্য করা হবে না। কোলকাতা থেকে জারি হওয়া শংসাপত্রের ক্ষেত্রে জেলাশাসক, দক্ষিণ ২৪-পরগনা বা দায়িত্বপ্রাপ্ত অতিরিক্ত জেলাশাসক, দক্ষিণ ২৪-পরগনা বা জেলা কল্যাণ আধিকারিক, কোলকাতা (District Welfare Officer, Kolkata) ব্যতীত অন্য কোনপ্রকারে জারি হওয়া শংসাপত্র গ্রাহ্য করা হবে না।

**ছ) আবেদন সংক্রান্ত শর্তাবলী ও আবেদন পত্র জমা করার সময় সীমাঃ**
**আবেদন করা শুরুর তারিখঃ ১৬/০১/২০২৪**
**আবেদন করার শেষ তারিখঃ ০৯/০২/২০২৪**
বিজ্ঞপ্তির সঙ্গে প্রদত্ত নমুনা আবেদন প্ত্র অনুযায়ী সাদা কাগজে স্বহস্তে লিখিত বা ছাপানো ও অবশ্যই স্বাক্ষরিত আবেদন পত্র বংশীহারী শিশু বিকাশ প্রকল্প আধিকারিকের করণে যে কোন সরকারী কাজের দিন বেলা ১২টা থেকে ৩টা পর্যন্ত জমা দেওয়া যাবে। প্রার্থীর নাম, ঠিকানা ও পদের নাম উল্লেখ করে মুখবন্ধ সীল করা খামে আবেদন পত্র জমা দিতে হবে।

**আবেদনপত্রের সঙ্গে প্রদেয় নথিঃ**

১) সাম্প্রতিক সময়ে (আবেদন করার তারিখ থেকে ছয় মাস পূর্বের সময়ের মধ্যে) তোলা প্রার্থী তথা আবেদনকারিণীর রঙিন পাশপোর্ট মাপের ছবি ৩টি স্বপ্রত্যয়িত
২) জন্ম তারিখের প্রমাণপত্র- মাধ্যমিক বা স্বীকৃত বোর্ডের সমতুল্য পরীক্ষার নিবন্ধীকরণ (রেজিস্ট্রেশন)/ পাশ শংসাপত্র/ প্রবেশ পত্র (অ্যাডমিট কার্ড) স্বপ্রত্যয়িত
৩) জাতিগত শংসাপত্রের স্বপ্রত্যয়িত কপি (প্রযোজ্য হলে)
৪) শিক্ষাগত যোগ্যতার প্রমাণপত্র (স্বপ্রত্যয়িত কপি)
৫) স্থায়ী বাসিন্দার সচিত্র শংসাপত্র ((ভোটার কার্ড (EPIC) ব্যাতীত আসল অর্থাৎ মূল নথি জমা দিতে হবে)
৬) আবেদনকারিণীর সহায়িকা পদে যোগদানের নিয়োগপত্রের স্বপ্রত্যয়িত নকল
৭) নিজের ঠিকানা লেখা ও ৫ (পাঁচ) টাকা মূল্যের ডাক ডিকিট লাগানো ৩টি খাম

**বিঃ দ্রঃ**

- কোন ভুল বা অসঙ্গত তথ্য দিলে বা উপরোক্ত কোন আবশ্যিক শর্ত লঙ্ঘন করলে আবেদন পত্র বাতিল বলে গণ্য করা হবে এবং এ বিষয়ে কোন কারণ দর্শানো হবে না। শুধু মাত্র নির্ভুল ও সঠিক আবেদন পত্রের ভিত্তিতেই পরীক্ষার প্রবেশ পত্র পাওয়া যাবে।

Child Dev. Project Officer
Banshihari I.C.D.S. Project
Dakshin Dinajpur

- পরীক্ষা কেন্দ্রে উপস্থিত হওয়ার জন্য কোনরূপ গাড়ী ভাড়া বা অপর কোন খরচ প্রকল্প কার্যালয় বহন করবে না।

- যদি প্রমাণিত হয় কোন প্রার্থী তাঁর নিয়োগের ক্ষেত্রে কোনরূপ প্রভাব বিস্তার করেছেন বা অসাধু উপায় অবলম্বন করেছেন, তাহলে কর্তৃপক্ষ তাঁর প্রার্থীপদ বাতিল করবেন।এ বিষয়ে কোন কারণ দর্শানো হবে না।
- যে কোন বিষয়ে বিতর্কের ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচ্য হবে। সেক্ষেত্রে কোন প্রার্থীকে তার প্রার্থীপদ বাতিল করার ক্ষেত্রে চূড়ান্ত সিদ্ধান্ত কর্তৃপক্ষই নিতে পারবেন।
- আবেদনপত্রের কোন অস্বাক্ষরিত পরিবর্তন অসঙ্গত বলে বিবেচিত হবে। জমা করা আবেদন পত্রে কোন পরিবর্তনের অনুরোধ গ্রাহ্য করা হবে না।
- নিয়োজিত হলে প্রবীণত্ব (Seniority), নিয়োগের শর্ত, বদলি, ইত্যাদি ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।
- বিজ্ঞপ্তিরলিখিত তথ্য খুঁটিয়ে পড়ে তবেই আবেদন করবেন অন্যথায় আবেদনপত্রে ভুল থাকতে পারে। ভুল আবেদনপত্র বাতিল হবে।এজন্য কর্তৃপক্ষ কোনভাবেই দায়ী থাকবে না।
- নিযুক্তি সংক্রান্ত বিশদ বিবরণ বা কোন জিজ্ঞাস্য বিষয়ে যে কোন সরকারী কাজের দিন বেলা ১২টা থেকে বিকাল ৩টা পর্যন্ত সংশ্লিষ্ট শিশু বিকাশ প্রকল্প আধিকারিকের করণে যোগাযোগ করা যেতে পারে।

**শিশু বিকাশ প্রকল্প আধিকারিক**
**বংশীহারী সুসংহত শিশুবিকাশ সেবা প্রকল্প**
**বুনিয়াদপুর, দক্ষিণ দিনাজপুর**

**স্মারকসংখ্যাঃ ১৭/১(২০)/আইসিডিএস (বিএএনএস)** **তারিখঃ ১৫/০১/২০২৪**

জ্ঞাতার্থে ও ব্যাপক প্রচারের উদ্দেশ্যে সংশ্লিষ্ট কার্যালয়ের নোটিশ বোর্ডে প্রদর্শনের অনুরোধসহ প্রতিলিপি প্রেরণ করা হলঃ

১) মাননীয়া অধিকর্তা (Director of ICDS), সুসংহত শিশু বিকাশ সেবা প্রকল্প, পশ্চিমবঙ্গ সরকার, শৈশালি ভবন, সল্টলেক, কলকাতা-৬৪
২) মাননীয়া অতিরিক্ত সচিব (Additional Secretary), পশ্চিমবঙ্গ সরকার, নারী ও শিশু উন্নয়ন ও সমাজকল্যান বিভাগ, বিকাশ ভবন, কলকাতা-৯১
৩) মাননীয় বিপ্লব মিত্র, দায়িত্বপ্রাপ্ত মন্ত্রী, ক্রেতা সুরক্ষা দপ্তর ও সহ-সভাপতি, ডি.এল.এস.এম.সি, দক্ষিণ দিনাজপুর
৪) মাননীয় জেলা শাসক ও সভাপতি, ডি.এল.এস.এম.সি, দক্ষিণ দিনাজপুর
৫) মাননীয়া রেখা রায়, বিধায়ক, কুশমণ্ডি ও সদস্য, ডি.এল.এস.এম.সি, দক্ষিণ দিনাজপুর
৬) মাননীয় মহকুমা শাসক, গঙ্গারামপুর মহকুমা ও সদস্য, ডি.এল.এস.এম.সি, দক্ষিণ দিনাজপুর
৭) মাননীয় জেলা প্রকল্প আধিকারিক (আই.সি.ডি.এস.) ও সদস্য, ডি.এল.এস.এম.সি, দক্ষিণ দিনাজপুর
৮) মাননীয় সমষ্টি উন্নয়ন আধিকারিক, বংশীহারী ব্লক ও সদস্য, ডি.এল.এস.এম.সি, দক্ষিণ দিনাজপুর
৯) মাননীয় সমষ্টি স্বাস্থ্য আধিকারিক, রসিদপুর গ্রামীন হাসপাতাল ও সদস্য, ডি.এল.এস.এম.সি, দক্ষিণ দিনাজপুর
১০) মাননীয় সভাপতি, বংশীহারী পঞ্চায়েত সমিতি, দক্ষিণ দিনাজপুর
১১) মাননীয়া পৌরপ্রধান, বুনিয়াদপুর পৌরসভা, দক্ষিণ দিনাজপুর
১২) মাননীয় সমষ্টি ভূমি ও ভূমি সংস্কার আধিকারিক, বংশীহারী ব্লক, দক্ষিণ দিনাজপুর
১৩) মাননীয় অবর বিদ্যালয় পরিদর্শক (প্রাথমিক),বংশীহারী চক্র, দক্ষিণ দিনাজপুর
১৪) মাননীয় সহ কৃষি অধিকর্তা, বংশীহারী ব্লক, দক্ষিণ দিনাজপুর
১৫) মাননীয় পোস্ট মাস্টার, বুনিয়াদপুর ডাকঘর, দক্ষিণ দিনাজপুর
১৬-১৯) মাননীয় প্রধান, ........... গ্রাম পঞ্চায়েত, বংশীহারী ব্লক, দক্ষিণ দিনাজপুর (সকল)
২০) কার্য্যালয়ের প্রতিলিপি

**শিশু বিকাশ প্রকল্প আধিকারিক**
**বংশীহারী সুসংহত শিশুবিকাশ সেবা প্রকল্প**
**বুনিয়াদপুর, দক্ষিণ দিনাজপুর**

**For publication in Official Website of Dakshin Dinajpur**
**[In continuation with Letter No. 24/ICDS (BANS) dated 15/01/2024]**

| Title | Description | Start Date | End Date |
| --- | --- | --- | --- |
| Selection of Anganwadi Worker through promotion from AWH in Banshihari ICDS Project, Dakshin Dinajpur | Inviting application from eligible Anganwadi Helper working in Banshihari ICDS Project for Promotion to Anganwadi Worker in Banshihari ICDS Project, Dakshin Dinajpur vide Notification No. 17/ICDS (BANS) dated 15/01/2024 | 16/01/2024 | 09/02/2024 |
| Selection of Anganwadi Worker (Direct) in Banshihari ICDS Project, Dakshin Dinajpur | Inviting application from eligible female candidates for the Post of Anganwadi Worker in Banshihari ICDS Project, Dakshin Dinajpur vide Notification No. 18/ICDS (BANS) dated 15/01/2024 | 17/01/2024 | 10/02/2024 |
| Selection of Anganwadi Helper (Direct) in Banshihari ICDS Project, Dakshin Dinajpur | Inviting application from eligible female candidates for the Post of Anganwadi Helper in Banshihari ICDS Project, Dakshin Dinajpur vide Notification No. 19/ICDS (BANS) dated 15/01/2024 | 17/01/2024 | 10/02/2024 |

In continuation with above cited Memo No and with a request to publish in District Official Web site at the earliest.

16.01.24.

Child Dev. Project Officer
Banshihari I.C.D.S. Project
Dakshin Dinajpur